

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৫(১৩)২৭৬/বন্ড ইউপি/পলিসি/২০০১/২৫৪৪৪(১-৫)

তারিখ : ০৯.১২.২০০৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল প্রচলিত রপ্তানিমুখী বন্ড প্রতিষ্ঠানসমূহের মালিক/প্রতিনিধিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোন ক্ষেত্রে একটি ইউপির আবেদনের সাথে অধিকসংখ্যক ব্যাক টু ব্যাক এলসি'র সমন্বয়ে একটি ইউপি'র জন্য এ দপ্তরে আবেদন করা হয়। যার ফলে একটি ইউপি'র আবেদন পরীক্ষা নিরীক্ষা/ যাচাই করতে প্রচুর সময় ব্যয় করতে হয় এবং বিষয়টি কষ্টসাধ্য।

০২। এমতাবস্থায়, ইউপি ইস্যুতে জটিলতা নিরসন এবং প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে একটি ইউপি'র আবেদনের সংগে ৫(পাঁচ)টির অধিক ব্যাক টু ব্যাক এলসি সংযুক্ত না করার জন্য সংশ্লিষ্ট বন্ডার/প্রতিষ্ঠানের প্রতিনিধিদের অনুরোধ করা হলো যা বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

[মো: এনায়েত হোসেন]

কমিশনার

ফোন: ৯৩৪৭০০০